# 2023

# বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস (World Cerebral Palsy Day)

## প্রচারাভিযান নির্দেশিকা

Cerebral Palsy Alliance

অনেক অনেক কারণ
৬ অক্টোবর
বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস

# সূচিপত্র

এ বছর 3

প্রচারাভিযানের ইতিহাস 5

প্রতিযোগিতা সম্পর্কে 8

এটা কিভাবে কাজ করে 9

কিভাবে আপনি সম্পৃক্ত হতে পারেন 10

সামাজিক উদ্দেশ্যে টেমপ্লেট 11

ইভেন্ট পরিচালনার জন্য পরামর্শ 15

ইভেন্টে যোগ দিন 19

অনুপ্রেরণা 20

সম্পদের তালিকা 21



# অধিক অন্তর্ভূক্তিমূলক বিশ্বের জন্য লক্ষ লক্ষ কারণ।

সেরিব্রাল পোলজি আক্রান্ত 17 মিলিয়নের উপর লোক রয়েছে এবং 1 বিলিয়নেরও বেশি মানুষ কোনো না কোনো ধরনের অক্ষমতা নিয়ে বসবাস করেন। তবুও বিশ্ব এখনো অ্যাক্সেসযোগ্য, অন্তর্ভুক্তিমূলক এবং ন্যায়সঙ্গত করে গড়ে তোলা হয়নি। পণ্যের ডিজাইনার এবং প্রযুক্তি শিল্প প্রায়ই প্রতিবন্ধিত্ব সম্পন্ন ব্যক্তিদের স্বতন্ত্র চাহিদা উপেক্ষা করে থাকে।




**সেরিব্রাল পোলজিতে আক্রান্ত ব্যক্তিরা স্বভাবজাত সমস্যা সমাধানকারী এবং হ্যাকার।**

**“আমাদের দৈনন্দিন জিনিসপত্রকে আমাদের জন্য অ্যাক্সেসযোগ্য করার লক্ষ্যে আমাদের হ্যাক করতে হবে”**


- হানা ডিভাইনি

# ১০ বছরের বেশি আগে

সেরিব্রাল পোলজিতে আক্রান্ত ব্যক্তিদের জন্য বিশ্বকে বদলে দিতে পারে এমন ধারণার জন্য আমরা সেরিব্রাল পোলজি কমিউনিটিকে আমন্ত্রণ জানিয়েছিলাম।

তুরস্কের আলপার একটি সৌরশক্তি চালিত হুইলচেয়ারের ধারণা পাঠান।





## তারপর গত বছর 2022 সালে লেবানন থেকে রানা জারজোর "মায়ের সংযোগ" ধারণাটি পাঠান।

এক নির্বাক সন্তানের মা হিসেবে রানা মনে করেন যে, তিনি সবসময় তার মেয়ের কান্না, রাগ বা ব্যথার কারণ অনুমান করছেন।

পুরুষদের প্রসবের অভিজ্ঞতার জন্য কৃত্রিম ব্যথা তৈরি করে এমন প্রযুক্তি অনুপ্রেরণা হিসাবে কাজ করে।

রানা এমন প্রযুক্তি তৈরি করা দেখতে চান যা শিশুর চাহিদা অনুকরণ করতে পারে এবং পরিচর্যাকারীদের আরও ভালোভাবে গাইড করতে সহায়তা করতে পারে।

রানার ধারণা 2023 সালের **Remarkable Design-athon**-এর চ্যালেঞ্জগুলোর একটিকে রূপ দিয়েছে।

সেলিব্রাল পোলজি কমিউনিটি
প্রমাণ করেছে যে, উদ্ভাবন এবং
নতুন ধারণা তাদের নেতৃত্বে
এবং প্রতিবন্ধিত্ব সম্পন্ন
ব্যক্তিদের ডিজাইন থেকে এসেছে।


# কাজেই এ বছর আবার এটা প্রমাণের জন্য আমাদের মিশনে যোগ দিন যে, সেরা ধারণাগুলো প্রতিবন্ধিত্ব সম্পন্নদের কমিউনিটি থেকে আসে।




**ধাপ 1.**

স্থানীয় সময় রাত 11.59 টা, 6 অক্টোবর 2023 (বিশ্ব সিপি দিবস) এর মধ্যে আপনার ধারণা জমা দিন।

জমা খোলা হবে 1 আগস্ট।





**ধাপ 2.**

আপনার প্রিয় ধারণার পক্ষে ভোট দিন। ভোট **6 অক্টোবর** শুরু এবং শেষ হবে 13 অক্টোবর 2023



**ধাপ 3.**

বিচারকরা ধারণাগুলোর (যেগুলোতে আপনারা ভোট দিয়েছেন!) সংক্ষিপ্ত তালিকা পর্যালোচনা করবেন



**ধাপ 4.**

আমরা 20 অক্টোবর লাইভ অনলাইন ইভেন্টের মাধ্যমে বিজয়ীদের নাম ঘোষণা করব। **অনুগ্রহ করে এখানে সাড়া দিন।**



বিজয়ী!

**ধাপ 5.**

বিজয়ীরা $5,000 USD পাবেন এবং 2024 এর Remarkable Design-athon সম্পর্কে পরামর্শ দেবেন যা ডিজাইনার, ডেভেলপার, উদ্ভাবক, উদ্যোক্তাদের একত্রিত করে ধারণাগুলো বাস্তব জীবনে প্রয়োগ করতে সহায়তা করবে।

# কিভাবে এটা কাজ করে

এ বছর আমরা ব্যক্তি এবং সংগঠন পর্যায়ে সেরিব্রাল পোলজি কমিউনিটির জীবন পরিবর্তনের ধারণা জমা দেওয়ার জন্য এই প্রতিযোগিতা চালু করছি।

একজন ব্যক্তি এবং একটি সংগঠন 2024 এর অসাধারণ ডিজাইন-অথনের চ্যালেঞ্জগুলোকে রূপ দিতে সহায়তা করবে যা ডিজাইনার, ডেভেলপার এবং উদ্যোক্তাদের একত্রিত করে ধারণাগুলো বাস্তব জীবনে প্রয়োগ করতে সহায়তা করবে।

**ব্যক্তি পর্যায়ে বিজয়ী**

Remarkable Design-athon সম্পর্কে পরামর্শ দিন

জিতে নিন $5,000 USD

**সংগঠন পর্যায়ে বিজয়ী**

Remarkable Design-athon সম্পর্কে পরামর্শ দিন

আপনার জীবন-পরিবর্তনকারী কাজকে সহায়তা করার জন্য $5,000 USD অনুদান নিন।

আরও জানতে 2023 Remarkable Design-athon দেখুন।



# কাজেই আপনি কিভাবে সম্পৃক্ত হন?

সোশ্যাল মিডিয়াতে পোস্ট করে প্রতিযোগিতার প্রচারে আমাদের সহায়তা করুন। (আমাদের কাছে টেমপ্লেটও রয়েছে যা আপনি ক্যানভাতে কাস্টমাইজ করতে পারেন। আরও নির্দেশনার জন্য **পৃষ্ঠা 11-14** দেখুন)।

**আপনি প্রতিবন্ধিত্ব সংশ্লিষ্ট ও অলাভজনক প্রতিষ্ঠান হলে সংগঠন হিসাবে ধারণা জমা দিন।**
(**আপনি 20** পৃষ্ঠায় কিছু অনুপ্রেরণা পেতে পারেন)।


**আপনার কমিউনিটিকে ধারণা জমা দিতে উৎসাহিত করতে একটি ইভেন্ট পরিচালনা করুন।**
(আমাদের **কাছে 15-18** পৃষ্ঠায় ইভেন্টের ধারণা রয়েছে)।

2023 সালের বিজয়ী হিসেবে কোন আইডিয়া বেছে নেওয়া হয়েছে তা খুঁজে বের করতে একটি অনলাইন ইভেন্টে বিশ্ব কমিউনিটির সাথে যোগ দিন। (আরো বিস্তারিত জানার জন্য **পৃষ্ঠা 19** দেখুন)

# সোশ্যাল মিডিয়ায় পোস্ট করা

আপনি এসব গ্রাফিক্স যেমন আছে তেমনভাবে অথবা ক্যানভাতে বিদ্যমান সম্পাদনাযোগ্য টেমপ্লেটগুলোর মাধ্যমে কাস্টমাইজ করে পোস্ট করতে পারেন৷ #worldCPday ব্যবহার করার কথা মনে রাখবেন এবং আমাদেরকে @worldCPday ট্যাগ করুন।

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবসের আগে এগুলো পোস্ট করুন




আপনি কি এই বৈশ্বিক কনটেন্ট সম্পর্কে শুনেছেন? @worldCPday সিপি আক্রান্ত ব্যক্তি, তাদের বন্ধু এবং পরিবারকে এমন ধারণা প্রদানের জন্য আমন্ত্রণ জানিয়েছে যা প্রতিবন্ধিত্ব সম্পন্ন ব্যক্তিদের জীবন মান উন্নত করতে পারে।

আপনার কি জীবন-পরিবর্তনকারী কোনো ধারণা আছে? এটি ideas.worldcpday.org-এ উল্লেখ করুন। বিজয়ী 2024 সালের Remarkable Design-athon সম্পর্কে পরামর্শ দেবেন এবং $5,000 USD পাবেন। #worldCPday

JPEG ডাউনলোড করুন

সম্পাদনাযোগ্য টেমপ্লেট দেখুন




সেরিব্রাল পোলজিতে আক্রান্ত ব্যক্তিরা  সমাধানকারী, প্রায়ই তাদের দৈনন্দিন জিনিসপত্র নিজেদের কাজের উপযোগী করে তুলতে হ্যাক করতে হয়।

প্রমাণ করতে সহায়তা করুন যে, সেরা নতুন ধারণাগুলো প্রতিবন্ধিত্ব সম্পন্নদের কমিউনিটি থেকে আসে।


অন্যান্য ধারনা দেখতে এবং আপনার নিজস্ব ধারণা জমা দিতে ideas.worldcpday.org-এ যান। #worldCPday


JPEG ডাউনলোড করুন

সম্পাদনাযোগ্য টেমপ্লেট দেখুন

# Carousel post









JPEG ডাউনলোড করুন

সম্পাদনাযোগ্য টেমপ্লেট দেখুন




আপনি কি এখনো ধারণার গ্যালারি দেখেছেন? সারা বিশ্ব থেকে সিপি আক্রান্ত ব্যক্তিদের কাছ থেকে এসব ধারণা পাওয়া গেছে।

আজই আপনার ধারণা জমা দিন এবং সিপি আক্রান্ত ব্যক্তিদের স্বতন্ত্র চাহিদা সম্পর্কে সচেতনতা বাড়াতে সহায়তা করুন।

ideas.worldcpday.org-এ যান।

#worldCPday

# বিশ্ব সেরিব্রাল পোলজি দিবসে এগুলো করুন




এ বছর আপনি কিভাবে বিশ্ব সিপি দিবস উদযাপন করছেন মন্তব্যে আমাদেরকে তা জানান?

#worldCPday

JPEG ডাউনলোড করুন

সম্পাদনাযোগ্য টেমপ্লেট দেখুন





আপনি কিভাবে বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস উদযাপন করছেন?
#worldCPday

উদযাপন করার একটি উপায় হলো @worldCPday ধারণার গ্যালারিতে এমন একটি ধারণা যোগ করা যা সিপি আক্রান্ত কোনো ব্যক্তির মতো আপনার জীবনকে উন্নত করতে পারে। স্থানীয় সময় রাত 11.59 টায়েই সুযোগ বন্ধ হবে।

JPEG ডাউনলোড করুন

সম্পাদনাযোগ্য টেমপ্লেট দেখুন

# বিশ্ব সেরিব্রাল পোলজি দিবসের পরে এটি পোস্ট করুন যাতে মানুষকে আপনার ধারণা এবং অন্যদের পক্ষে ভোট দিতে উৎসাহিত করা যায়!




[সংগঠনের নাম] টিম সিপি আক্রান্ত ব্যক্তিদের জন্য একটি জীবন-পরিবর্তনকারী ধারণা নিয়ে চিন্তাভাবনা করার জন্য একত্রিত হয়েছে।

ideas.worldcpday.org-এ আমাদের ধারণার পক্ষে ভোট দিন। $5,000 USD অনুদান জেতা অনেক বড় প্রাপ্তি এবং তা আমাদের সিপি কমিউনিটিকে প্রতিদান দিতে সহায়তা করবে। #worldCPday

JPEG ডাউনলোড করুন

সম্পাদনাযোগ্য টেমপ্লেট দেখুন





আজ ভোটের শেষ দিন! এটি একটি বোতামে ক্লিক করার মতোই সহজ।

ideas.worldcpday.org-এ আমাদের ধারণার পক্ষে ভোট দিন এবং আমরা $5,000 USD অনুদান জিতে নিতে পারি! #worldCPday

JPEG ডাউনলোড করুন

সম্পাদনাযোগ্য টেমপ্লেট দেখুন





সারা বিশ্ব থেকে শত শত ধারণা পাওয়া গেছে। এটা প্রতিবন্ধিত্ব সম্পন্নদের কমিউনিটি থেকে সেরা নতুন ধারণা আসার প্রমাণ।

ideas.worldcpday.org-এ সমস্ত ধারণা দেখুন এবং আপনার পছন্দের ধারণার পক্ষে ভোট দিন! #worldCPday

JPEG ডাউনলোড করুন

সম্পাদনাযোগ্য টেমপ্লেট দেখুন

# ইভেন্ট পরিচালনা করা



ধারণা তুলে ধরুন



একটি কর্মশালা আয়োজন করুন



ভোটের দিন




# একটি কর্মশালা আয়োজন করুন

মিলিত হয়ে ধারণা তৈরি করতে কমিউনিটিকে কর্মশালায় আমন্ত্রণ জানান। এটি ভার্চুয়াল উপায়ে বা মুখোমুখি করা যেতে পারে। আপনার কর্মশালায় মানুষের পক্ষ্যে সম্ভাব্য সেরা এবং উজ্জ্বলতম ধারণা নিয়ে আসার জন্য সহায়ক কার্যক্রম থাকা উচিত।

**মনে রাখবেন 6 অক্টোবর বিশ্ব সেরিব্রাল পোলজি দিবসে রাত 11.59 টা পর্যন্ত ধারণা জমা দেওয়া যাবে।**

**কার্যক্রম:**

- রুমের চারপাশে যান বা জুম করুন, এবং অ্যাক্সেসযোগতা সম্পর্কে সংশ্লিষ্ট সমস্যা শেয়ার করুন। তাদের বাজে অভিজ্ঞতা কী যা সেভাবে হওয়ার ছিল না?


- এগুলোর প্রত্যেকটিকে 'আমরা কিভাবে পারি বিবৃতি' আকারে লিখুন এবং সমাধান নিয়ে মাথা ঘামান, উদাহরণস্বরূপ "কিভাবে আমরা হুইলচেয়ার ব্যবহারকারীদের জন্য বিমান ভ্রমণ সহজ করতে পারি?"

- ৪ টির মধ্যে ৪টি কার্যক্রম। অংশগ্রহণকারীরা কাগজের টুকরোটি ৩ বার ভাঁজ করবেন যাতে ৪ টি বর্গক্ষেত্র সৃষ্টি হয়। ৪ মিনিটের টাইমার সেট করবেন এবং প্রত্যেকে পৃথকভাবে তাদের প্রতিটি বর্গক্ষেত্র পূরণ করার জন্য ৪টি ধারণার কথা ভাববেন। গ্রুপের সাথে আইডিয়া শেয়ার করবেন। এ ধরনের দ্রুত মাথা ঘামানো থেকে দুর্দান্ত ধারণা ও শুরু পাওয়া যেতে পারে!

# ধারণা তুলে ধরুন

একটি ইভেন্ট পরিচালনা করুন যেখানে সেরিব্রাল পোলজি কমিউনিটির লোকেরা তাদের জীবন-পরিবর্তনকারী ধারণাগুলোকে একটি প্যানেলে তুলে ধরবেন। তারা এই ধারণা যে সমস্যার সমাধান করবে এবং কিভাবে তারা জীবনে সে সমস্যার মুখোমুখি হয়েছেন তা বর্ণনা করতে পারেন।

মতামত জানাতে প্রভাবশালীদের একটি প্যানেলকে আমন্ত্রণ জানান। এটি মুখোমুখি বা ভার্চুয়াল ইভেন্ট হতে পারে। ওয়েবসাইটে নিজস্ব ধারণা লিখতে অংশগ্রহণকারীদের উৎসাহিত করুন।





# ভোটের দিন

6 অক্টোবর, বিশ্ব সেরিব্রাল পোলজি দিবসে কমিউনিটিকে একত্রিত করুন, আপনার দেশের ধারণাগুলো প্রদর্শন করুন এবং প্রত্যেকে তাদের মোবাইলে তাদের প্রিয় ধারণার পক্ষে ভোট দিতে পারেন।


আপনার সংস্থা কোনো ধারণা জমা দিয়ে থাকলে একটি পার্টির আয়োজন করুন এবং সমস্ত অংশগ্রহণকারীকে ভোট দিয়ে আপনার ধারণা সমর্থন করতে উৎসাহিত করুন।

# লাইভ ইভেন্টে যোগ দিন

## সিপি অ্যাকটিভ এবং সেলিব্রাল পোলজি জোট (Cerebral Palsy Alliance) এর সাথে একত্রে, আমরা একটি লাইভ পুরস্কার অনুষ্ঠানের আয়োজন করতে পেরে উদ্দীপিত, যেখানে আমরা বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস প্রতিযোগিতার সেরা ধারণাগুলো প্রদর্শন করব।

এই ইভেন্টের চূড়ান্ত বিবরণ নির্ধারিত দিনের কাছাকাছি সময়ে ঘোষণা করা হবে - তবে আপনি আপনার স্থান সংরক্ষণ করতে অনুগ্রহ করে সাড়া দিতে পারেন!

**স্থন:** ইভেন্টের আগে আপনি একটি জুম লিঙ্ক পাবেন
**সময়:** সকাল 11 টা শুক্রবার, অক্টোবর 20, AEDT (UTC + 11h)




**অনুগ্রহ করে এখানে সাড়া দিন**

ওজলান এবং ক্যাপশন প্রদান করা হবে, আপনার কোনো অতিরিক্ত সহায়তার প্রয়োজন হলে বা প্রশ্ন থাকলে অনুগ্রহ করে ইমেইল করুন: info@cpactive.org.au

## গত বছর জমা দেওয়া ধারণাগুলো থেকে অনুপ্রেরণা নিন। আমরা 45 টি বিভিন্ন দেশ থেকে শত শত ধারণা পেয়েছি। এসব উদ্ভাবনের মধ্যে কয়েকটি হলো:

- হলোগ্রাফিক যোগাযোগ ডিভাইস
- অ্যাক্সেসযোগ্য জরুরি আশ্রয়কেন্দ্র
- সিঁড়ি-আরোহণ এবং সেলফ-চার্জিং হুইলচেয়ার
- অভিযোজিত ফ্যাশন আইটেম
- রোবটিক হাত
- ভার্চুয়াল বাস্তবতা ভ্রমণ অংশীদার
- পরিবহনের মোড হিসাবে ‘মোবিলিটি ডিভাইস’-এর জন্য রুট গণনাকারী নেভিগেশন অ্যাপ



# উপকরণ

## এই উপকরণগুলো ডাউনলোড করুন: worldcpday.org/resources.

## এর সবকটি 18 টি বিভিন্ন ভাষায় রয়েছে।

- লোগো ........................................................................ ডাউনলোড করুন
- সামাজিক মিডিয়াগ্রাফিক্স ........................................ ডাউনলোড করুন
- ক্যানভা টেমপ্লেট .................................................... ডাউনলোড করুন
- প্রিন্ট পোস্টার ........................................................ ডাউনলোড করুন
- শিক্ষামূলক পোস্টার ................................................ ডাউনলোড করুন
- শিক্ষামূলক উপস্থাপনা ............................................ ডাউনলোড করুন



# সহায়তার জন্য যোগাযোগ করুন

ইমেইল: contact@worldcpday.org

@worldCPday